একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

ISO 9001:2015 Certified

# কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

## মুকসেদপুর, কিশোরগঞ্জ।

সদর দপ্তর- প্রশাসন বিভাগ ফোন-০৯৪১-৬২৯৩৭, ৬২০২৫ ই-মেইল kishpbs@yahoo.com ওয়েব সাইট- www.pbs.kishoreganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৪৮৪৯.৫৩৪.০১.০৩৮.২৩ ৪৪৫ তাং-২৯/০৪/২০২৩খ্রিঃ

## উন্মুক্ত দরপত্র (OTM) বিজ্ঞপ্তি

কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম, ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল ক্রয়/সংগ্রহ এর জন্য বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী/ঠিকাদার এর নিকট হতে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| দরপত্র নং | মালামালের বিবরণ | দরপত্র দলিলের মূল্য | দরপত্র জামানত | দরপত্র ক্রয়, দাখিল ও উন্মুক্তকরণের স্থান | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণের সময়সূচী | দরপত্র খোলার সময়সূচী |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০৭/২২-২৩ | অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহ | ৩০০০/- | ২,৭৫,০০০/- | (১) পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা। (২) কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, মুকসেদপুর, কিশোরগঞ্জ । | ৩০/০৪/২০২৩ খ্রিঃ হতে ১৫/০৫/২০২৩ খ্রিঃ পর্যন্ত (অফিস চলা কালীন সময়) | ১৬/০৫/২০২৩ খ্রিঃ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত | ১৬/০৫/২০২৩ খ্রিঃ রোজ মঙ্গলবার বেলা ১১.০৫ ঘটিকা। |
| ০৮/২২-২৩ | ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল সরবরাহ | ১৫০০/- | ৭৫,০০০/- | | | | |

**মালামালের ক্রয় সংক্রান্ত দরপত্র এর শর্তাবলীঃ**

০১। আগ্রহী দরদাতাগণ কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে প্রতি দরপত্রের মূল্য বাবদ নির্ধারিত অর্থ (অফেতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ ৩০/০৪/২০২৩ খ্রিঃ তারিখ হতে ১৫/০৫/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়) কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর,বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (২) কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ/গ্রহণ করা হবে না ।

০২। আগ্রহী দরদাতাগন আগামী ১৬/০৫/২০২৩ খ্রিঃ তারিখ ১১:০০ ঘটিকার মধ্যে প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে উল্লেখিত "ছক" মোতাবেক সীল মোহরকৃত দরপত্র পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা অথবা কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, কিশোরগঞ্জ এর সদর দপ্তর এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। দরপত্র সমূহ ঐ দিনই বেলা ১১:০৫ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সন্মুকে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। প্রতিটি দরপত্রের বিপরীতে দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত আর্নেষ্টমানি বাবদ অর্থ কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সহিত জমা দিতে হবে।

০৪। দরপত্রের সহিত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, ভ্যাট রেজিষ্ট্রেশন ও আয়কর সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

০৫। দাখিলকৃত দরপত্র কিশোরগঞ্জ পবিসের মূল্যায়ন কমিটির নিকট সর্বনিম্ন এবং গ্রহণযোগ্য বিবেচিত হলে দরপত্র দাখিলের শর্ত মোতাবেক আপনার প্রতিষ্ঠানের নামে মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হবে। মালামাল প্রাপ্তির পর মালামালের গুনগতমান সন্তোজনক বিবেচিত হলে বিল দাখিল সাপেক্ষে সরবরাহকারী প্রতিষ্ঠানকে কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হবে। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

০৬। উদ্ধৃত দরের একক দরের সাথে মোট দরের গাণিতিক ভুল পরিলক্ষিত হলে একক দর বিবেচনায় দরপত্র মূল্যায়ন করা হবে।

০৭। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

০৮। দরপত্রে মূল্য দাখিলের সময় কোন গাণিতিক ভুল পরিলক্ষিত হলে দাখিলকৃত একক দর বিবেচনায় মোট দর মূল্যায়ন করা হবে।

০৯। দরপত্রের বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এমন কোন বিষয়ের উদ্ভব হলে কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(ইঞ্জিনিয়ার জুলফিকার)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

**অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল)**

১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)
৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ
৪) পুলিশ সুপার, কিশোরগঞ্জ
৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস
৬) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কিশোরগঞ্জ
৭) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, কিশোরগঞ্জ
৮) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কিশোরগঞ্জ, বাপবিবো, কিশোরগঞ্জ
৯) মেয়র, কিশোরগঞ্জ পৌরসভা, কিশোরগঞ্জ
১০) সকল জোনাল অফিস ও সাব-জোনাল অফিস, কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
১১) ডিজিএম (কারিগরী), কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
১২) এজিএম (অর্থ-হিসাব), কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
১৩) মেসার্স--------------------------------, --------------------------------
১৪) নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি (এজিএম-আইটি-১/২ ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)
১৫) অফিস কপি।

(ইঞ্জিনিয়ার জুলফিকার)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)